**Office of the Registrar**
Kishoreganj University
Kishoreganj 2300, Bangladesh
Phone: 02998832221
E-mail: registrar@kiu.ac.bd

**রেজিস্ট্রার অফিস**
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ ২৩০০, বাংলাদেশ
ফোন: ০২৯৯৮৮৩২২২১
ই-মেইল: registrar@kiu.ac.bd

স্মারক নম্বর : কিবি/ভর্তি নির্দেশিকা/২০২৫-২৬/৭২৭

তারিখ : ০৩ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক প্রোগ্রামে ভর্তির নির্দেশিকা

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১। **আবেদনের সময়সীমা**: ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পছন্দ অনুযায়ী বিভিন্ন বিভাগ/বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তির জন্য আবেদন করতে হবে। আবেদনের সময়সীমা পরবর্তীতে GST ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

GST গুচ্ছভুক্ত 'A' ইউনিট, 'B' ইউনিট, এবং 'C' ইউনিটের অন্তর্ভুক্ত বিভিন্ন অনুষদের বিভাগসমূহের নির্ধারিত আসন সংখ্যা (কোটাসহ) নিম্নরূপ :

| **অনুষদ** | **ভর্তির বিভাগ/ইউনিটভিত্তিক আসন সংখ্যা** | **আসন সংখ্যা (কোটা সহ)** |
|---|---|---|
| কলা অনুষদ | ইংরেজি (B ইউনিট-২৮, A ইউনিট-০২) | ৩০ |
| বিজ্ঞান অনুষদ | গণিত (A ইউনিট-৩০) | ৩০ |
| ইঞ্জিনিয়ারিং অনুষদ | কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (A ইউনিট-৩০) | ৩০ |
| বিজনেস স্টাডিস অনুষদ | হিসাববিজ্ঞান (C ইউনিট-২৮, A ইউনিট-০২) | ৩০ |
| | **মোট** | **১২০ টি** |

### বিভিন্ন বিভাগ/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা

| **বিভাগ/বিষয়** | **ন্যূনতম যোগ্যতা** | |
|---|---|---|
| | **উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম গ্রেড ও অন্যান্য যোগ্যতা** | **ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত ন্যূনতম নম্বর** |
| ইংরেজি | ইংরেজি B | ইংরেজি ০৮ |
| গণিত | গণিত A- | গণিত ০৭ |
| কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল | পদার্থবিজ্ঞান A- এবং গণিত A- | পদার্থবিজ্ঞান ০৭ এবং গণিত ০৮ |
| হিসাববিজ্ঞান | হিসাববিজ্ঞান B | হিসাববিজ্ঞান ১১, A ইউনিট থেকে আগত প্রার্থীর জন্য গণিতে ০৬ |

**Office of the Registrar**
Kishoreganj University
Kishoreganj 2300, Bangladesh
Phone: 02998832221
E-mail: registrar@kiu.ac.bd

**রেজিস্ট্রার অফিস**
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ ২৩০০, বাংলাদেশ
ফোন: ০২৯৯৮৮৩২২২১
ই-মেইল: registrar@kiu.ac.bd

২। **ইউনিট/বিভাগ ভিত্তিক আসন সংখ্যা ও আবেদনের নির্দেশনা** :

- আবেদনের সময় ভর্তির জন্য পছন্দের বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে।
- পরবর্তীতে বিভাগ পছন্দক্রম পরিবর্তনের কোনো সুযোগ থাকবে না।
- A ইউনিটের শিক্ষার্থীরা নিম্নে উল্লেখিত B এবং C ইউনিটের নির্ধারিত আসনে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- A ইউনিটের শিক্ষার্থীদের জন্য B এবং C ইউনিটে দুইটি করে আসন নির্ধারিত থাকবে।

| ইউনিট | ইউনিটভুক্ত বিভাগ | ইউনিটভিত্তিক আসন সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|
| | | A | B | C | মোট |
| A ইউনিট | গণিত | সাধারণ-২৯, কোটা-০১ | ০০ | ০০ | ৩০ |
| | কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল | সাধারণ-২৮, কোটা-০২ | ০০ | ০০ | ৩০ |
| B ইউনিট | ইংরেজি | সাধারণ-০২ | সাধারণ-২৬, কোটা-০২ | ০০ | ৩০ |
| C ইউনিট | হিসাববিজ্ঞান | সাধারণ-০২ | ০০ | সাধারণ-২৭, কোটা-০১ | ৩০ |
| মোট আসন সংখ্যা | | ৬৪ | ২৮ | ২৮ | ১২০ |

বি. দ্র: B ও C ইউনিটে A ইউনিটের শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত আসন সংখ্যা পূরণ না হলে সংশ্লিষ্ট ইউনিটের শিক্ষার্থীদের দ্বারা শূন্য আসন পূরণ করা হবে।

৩। **আবেদন ফি** : কেন্দ্রীয়ভাবে নির্ধারিত আবেদন ফি (সার্ভিস চার্জ ব্যতীত) প্রদান করতে হবে। মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে আবেদন ফি জমা দেওয়া যাবে।

৪। **ভর্তির আবেদনের প্রক্রিয়া** : gstadmission.ac.bd অথবা নির্ধারিত (পরবর্তীতে জানানো হবে) লিঙ্কে গিয়ে অনলাইনে আবেদন করতে হবে।

৫। **মেধাক্রম তৈরির পদ্ধতি :**
GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষার প্রাপ্ত মোট নম্বর ও সমন্বিত ভর্তি পরীক্ষার prospectus এ উল্লেখিত শর্ত অনুযায়ী ইউনিটভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

৬। **ফলাফল প্রকাশ** : মেধা তালিকা ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট admission.kiu.ac.bd -এ প্রকাশ করা হবে।

৭। **ভর্তি প্রক্রিয়া** : শিক্ষার্থীর মেধাক্রম ও বিভাগ/বিশ্ববিদ্যালয়সমূহের প্রদত্ত পছন্দক্রম বিবেচনায় কেন্দ্রীয়ভাবে বিভাগ/বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। আসন খালি থাকা সাপেক্ষে কেন্দ্রীয়ভাবে বিভাগ/বিশ্ববিদ্যালয় মাইগ্রেশন সম্পন্ন হবে। ভর্তি প্রক্রিয়ার বিস্তারিত যথাসময়ে gstadmission.ac.bd অথবা admission.kiu.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**Office of the Registrar**
Kishoreganj University
Kishoreganj 2300, Bangladesh
Phone: 02998832221
E-mail: registrar@kiu.ac.bd

**রেজিস্ট্রার অফিস**
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ ২৩০০, বাংলাদেশ
ফোন: ০২৯৯৮৮৩২২২১
ই-মেইল: registrar@kiu.ac.bd

৮। **চূড়ান্ত ভর্তি** : মাইগ্রেশন শেষে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়-এ ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত তথ্য admission.kiu.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৯। **ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ** : ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ admission.kiu.ac.bd ওয়েবসাইটে (নোটিশের মাধ্যমে) পরবর্তীতে প্রকাশ করা হবে।

১০। **বিশেষ দ্রষ্টব্য** :

- ভর্তি প্রক্রিয়ার যেকোনো স্তরে কোনো শিক্ষার্থীর অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি প্রতীয়মান হলে তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী admission.kiu.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যেকোনো নিয়ম/সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার সংরক্ষণ করে।

নায়লা ইয়াসমিন
রেজিস্ট্রার
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়